

তারিখ
পৃষ্ঠা ১২ কলাম ... ৬

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উদ্যোগে কাল শুরু হবে জব ফেয়ার

স্টাফ রিপোর্টার ৯ দেশের শীর্ষস্থানীয় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উদ্যোগে আগামীকাল শনিবার অনুষ্ঠিত হবে জব ফেয়ার ২০০২। এই ইউনিভার্সিটির ৯৭ গ্রাজুয়েট ছাড়াও অন্যান্য বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটরা অংশ নিতে পারবে এই মেলায়। দেশীয় এবং বহুজাতিক ৪১টি

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির

(১২-এর পাতায় পর)

প্রতিষ্ঠান অংশ নেবে এই মেলায়। রাজধানীর এলজিইডি ভবনে সকাল দশটা থেকে বিকাল চারটা পর্যন্ত মেলা চলবে। এতে অংশ নিতে কাউকে কোন ফী দিতে হবে না। মেলা উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বৃহস্পতিবার এক সাংবাদিক সম্মেলন আয়োজন করে। এ সময় বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা উপাচার্য ও বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ডিরেক্টরসের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বর্তমান উপাচার্য এম. মনোয়ারুল ইসলাম।

ড. ফরাসউদ্দিন বলেন, জন্মলগ্ন থেকে এই বিশ্ববিদ্যালয় দক্ষ ও শিক্ষিত মানবসম্পদ তৈরি এবং উচ্চশিক্ষার আন্তর্জাতিক মান বজায় রাখতে চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি আরও বলেন, এই বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ অলাভজনকভাবে পরিচালিত হয়। প্রতিষ্ঠাতা কা পরিচালকরা কোন লাভ নেন না। সবার লক্ষ্য শিক্ষার উৎকর্ষ বজায় রাখা। তিনি আরও বলেন, জব ফেয়ারের মাধ্যমে চাকরিদাতারা যোগ্য ও দক্ষ মেধা খুঁজে পাবে। উপাচার্য এম. মনোয়ারুল ইসলাম বলেন, জব ফেয়ারের মাধ্যমে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির গ্রাজুয়েট ছাড়াও অন্যান্য বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটরা অংশ নিয়ে কাজের চাকরি খুঁজে পেতে পারে।

উল্লেখ্য, ১৯৯৬ সালে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির যাত্রা শুরু হয়।